6

দৈনিক ইনকিলাব

তারিখ ...25 NOV 1997...
পৃষ্ঠা ১২ কলাম ৮

আজ বিশেষ সমাবর্তন

## ঢাকা ভার্সিটি ইউনেস্কো মহাপরিচালক মেয়রকে ডক্টরেট ডিগ্রী দিচ্ছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশেষ সমাবর্তন। এ অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় ইউনেস্কোর মহাপরিচালক, বিশিষ্ট বিজ্ঞানী প্রফেসর ডঃ ফেডারিকো মেয়রকে সম্মানসূচক ডক্টর অব সায়েন্স (ডিএসসি) ডিগ্রী প্রদান করবে। আজ বিকেল সাড়ে ৪টায় বিশ্ববিদ্যালয়ের টিএসসি মিলনায়তনে এ সমাবর্তন অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর প্রেসিডেন্টের পক্ষে ভাইস চ্যান্সেলর প্রফেসর এ কে আজাদ চৌধুরী ইউনেস্কো মহাপরিচালক প্রফেসর মেয়রকে ডিগ্রী প্রদান করবেন। সমাবর্তন উপলক্ষে আজ বিশ্ববিদ্যালয়ের অফিস ও ক্লাসসমূহ ছুটি থাকবে। প্রফেসর ফেডারিকো মেয়র ইতিপূর্বে বিভিন্ন দেশের ১৮টি বিশ্ববিদ্যালয় থেকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রী লাভ করেছেন। প্রফেসর মেয়র ১৯৮৭ সাল থেকে জাতিসংঘের শিক্ষা বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থা ইউনেস্কোর মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন। স্পেনের নাগরিক মেয়র ১৯৫৮ সালে মাদ্রিদ বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রী লাভ করেন। তিনি গ্রানাডা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা, স্পেনের পার্লামেন্ট সদস্য এবং শিক্ষা ও বিজ্ঞানমন্ত্রী ছিলেন। তার সরাসরি তত্বাবধানে ৪০টির বেশী ডক্টরাল অভিসন্দর্ভ সম্পন্ন হয়। তিনি ইউনেস্কোর মহাপরিচালক হিসেবে এখন দ্বিতীয় মেয়াদে দায়িত্ব পালন করছেন। শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতির ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় আজ তাকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রী প্রদান করবে।